রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ২৬, ২০২৬

## ৬ষ্ঠ খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারি চাকুরি কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**দুর্নীতি দমন কমিশন**
**প্রধান কার্যালয়**

**অফিস আদেশ**

তারিখ : ১৯ ফাগুন ১৪৩২ বঙ্গাব্দ/০৪ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৪.০১.০০০০.১০৪.১৫.১৭২.১৭.১২৫৮৯(২৩)**—যেহেতু, জনাব মোঃ আহসানুল কবীর পলাশ, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০২৫ এ দোষী সাব্যস্ত করে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নম্বর ৬০৬৩১ তারিখ ১৮ নভেম্বর ২০২৫ মূলে তার "পরবর্তী বেতন বৃদ্ধি প্রাপ্যতার তারিখ হতে তৎপরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত রাখা"র লঘুদণ্ড প্রদান করা হয়; এবং

২। যেহেতু, জনাব মোঃ আহসানুল কবীর পলাশ, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা দুর্নীতি দমন কমিশন (কর্মচারী) চাকরি বিধিমালা, ২০০৮ এর ৪৮(১) বিধি অনুযায়ী বিভাগীয় মামলায় প্রদত্ত লঘুদণ্ড পুনরীক্ষণ করে তাকে প্রদত্ত লঘুদণ্ড মওকুফ করার জন্য গত ১০ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে কমিশনের মাননীয় চেয়ারম্যান বরাবর আবেদন করেন; এবং

৩। যেহেতু, জনাব মোঃ আহসানুল কবীর পলাশ, উপপরিচালক এর লঘুদণ্ড পুনরীক্ষণের আবেদন বিবেচনায় নিয়ে তাকে প্রদত্ত বিভাগীয় মামলা নম্বর ০৭/২০২৫ এর দণ্ডাদেশ প্রত্যাহারপূর্বক বিভাগীয় মামলার অভিযোগের দায় হতে তাকে অব্যাহতি প্রদানের সিদ্ধান্ত কমিশন কর্তৃক গৃহীত হয়;

৪। সেহেতু, জনাব মোঃ আহসানুল কবীর পলাশ, উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা-কে দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকার স্মারক নম্বর ৬০৬৩১ তারিখ ১৮ নভেম্বর ২০২৫ মূলে প্রদত্ত "পরবর্তী বেতন বৃদ্ধি প্রাপ্যতার তারিখ হতে তৎপরবর্তী ০১(এক) বছরের জন্য স্থগিত রাখা"র লঘুদণ্ডাদেশ প্রত্যাহারপূর্বক তাকে বিভাগীয় মামলা নম্বর ০৭/২০২৫ এর অভিযোগের দায় হতে নির্দেশক্রমে অব্যাহতি প্রদান করা হলো। তার সাময়িক বরখাস্তকালীন সময় কর্মকাল হিসেবে গণ্য হবে।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে।

**মোহাম্মদ নাজমুল হাসান**
পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)।

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**

**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ ফাগুন ১৪৩২ বঙ্গাব্দ/২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩৮.০১.০০০০.৩০০.২৭.০৭৮.২০১৮.৭১**—যেহেতু, জনাব উত্তম দেব রায়, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, মৌলভীবাজারকে, বিগত ০২-০৭-২০১৮ তারিখ হইতে ১১-০৭-২০১৮ তারিখ পর্যন্ত ১০ দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতির জন্য সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) মোতাবেক "অসদাচরণ ও পলায়নের" অভিযোগে অভিযুক্ত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-এইউও বিমা/৪৫/২২-৩৯৩, তারিখ: ২৭-১২-২০২২ মোতাবেক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

যেহেতু, তিনি অভিযোগনামার জবাব প্রদান না করায় এবং ব্যক্তিগত শুনানীর আবেদন না করায় বিভাগীয় মামলাটি অধিকতর তদন্তের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত পলায়নের অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে অভিমত ব্যক্ত করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" এর প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক গত ১৪-০৮-২০২৩ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ জারি করা হয়। কিন্তু অভিযুক্ত কর্মকর্তা উক্ত নোটিশের কোনো জবাব প্রদান করেন নি;

যেহেতু. অভিযোগনামা ও অভিযোগবিবরণী, তদন্ত প্রতিবেদন এবং সংশ্লিষ্ট কাগজপত্র পর্যালোনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাব প্রমাণিত হওয়ায় তাকে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১২-০৭-২০১৮ থেকে সরকারি চাকরি হতে বরখাস্তকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তাকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service)" গুরুদণ্ড প্রদানের লক্ষ্যে বাংলাদেশ সরকারী কর্মকমিশনের মতামত চাওয়া হলে বাংলাদেশ সরকারী কর্মকমিশন একমত পোষণ করে মতামত প্রদান করেন;

সেহেতু, জনাব উত্তম দেব রায়, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, সদর, মৌলভীবাজার-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) মোতাবেক অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিতির তারিখ ১২-০৭-২০১৮ থেকে "চাকরি হতে বরখাস্তকরণ (Dismissal from service) গুরুদন্ড প্রদান করা হলো। সেই সাথে তার নামে বরাদ্দকৃত মোটরসাইকেল (ঢাকা মেট্রো-হ-৩৪-৬৫৬৮) জেলা প্রাথমিক শিক্ষা অফিস মৌলভীবাজারে জমা প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আবু নূর মোঃ শামসুজ্জামান**
মহাপরিচালক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়।**
**ভূমি অধিগ্রহণ শাখা**
**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর এল. এ কেস নম্বর ০৩/২০২৪-২৫**
**অধিগ্রহণ ঘোষণা বিজ্ঞপ্তি**
**[ধারা ১৩(২) মোতাবেক]**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলক অধিগ্রহণ করা হয়েছে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ এর ১১(১) ধারা অনুসারে ঐ সম্পত্তির ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩ ধারার (২) উপধারা অনুযায়ী আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

জেলা: পঞ্চগড়, উপজেলা: আটোয়ারী, মৌজা: বার আউলিয়া, জে এল নং-২০।

| এস এ খতিয়ান নম্বর | এস এ দাগ নম্বর | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৯৪ | ৮০৮১ | ০.৫৬৫০ |
| মোট = ০.৫৬৫০ একর | | |

**কাজী মোঃ সায়েমুজ্জামান**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**অফিস আদেশ**

তারিখ: ১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/০২ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩১.৪৪.৮৭০০.০০০.০০৮.১৮.০০১১.২৫.৪৩**—ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল সংক্রান্ত নিম্নলিখিত আইন ও অধ্যাদেশসমূহের আওতায় সাতক্ষীরা জেলায় গৃহীত, চলমান ও সৃজিত ভূমি অধিগ্রহণ ও হুকুমদখল সংক্রান্ত দায়িত্ব পালন ও ক্ষতিপূরণের চেকে স্বাক্ষর প্রদান করার জন্য এ কার্যালয়ের ভূমি অধিগ্রহণ কর্মকর্তা জনাব ইসতিয়াক আহমেদ অপু (পরিচিতি নম্বর: ৪১০০১৯৬) কে এতদ্বারা ক্ষমতা প্রদান করা হলো:

| আইন/অধ্যাদেশ | ক্ষমতা প্রদানের উৎস |
|---|---|
| সম্পত্তি (জরুরি) হুকুম দখল আইন, ১৯৪৮ | ধারা-২ (i) |
| স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২ | ধারা-২ (b) |
| স্থাপব সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ | ধারা-২ (৫) |

২। জনস্বার্থে প্রদত্ত এ আদেশ ০১ মার্চ ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

**আফরোজা আখতার**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, কুষ্টিয়া।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং-০৩/২০২৪-২৫**
**ফরম "ঘ"**
**[১৩(১) ধারা মোতাবেক]**

**ঘোষণাপত্র**

যেহেতু, এই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, নিম্নবর্ণিত তফসিলের সম্পত্তি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করতে হবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১নং আইন) এর ১১(১) ধারা বলে উহার ক্ষতিপূরণ প্রদান করা হয়েছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হবে মর্মে গণ্য হয়েছে।

সেহেতু, এক্ষণে, উক্ত আইনের ১৩নং ধারার (১) নং উপধারার ক্ষমতাবলে আমি ঘোষণা করছি যে, উক্ত সম্পতি বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হলো এবং ঐ সম্পত্তি সর্বপ্রকার দায়-দায়িত্ব মুক্ত হয়ে সরকারের উপর অর্পিত হলো।

**তফসিল**

মৌজা: কুষ্টিয়া, উপজেলা: কুমারখালী, মৌজা: ১৬১নং কুশলীবাসা।

| খতিয়ান নং আর এস | দাগ নং | জমির শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ | প্রস্তাবিত জমির পরিমাণ | আংশিক/পূর্ণ | মোট জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|---|---|
| ৬১৩ | ৩৪৩০ | ধানী | ০.১৯০০ | ০.১০০০ | আংশিক | ৩.০০ |
| ৬১৩ | ৩৪৩১ | ধানী | ০.১৮০০ | ০.০৭০০ | আংশিক | |
| ৩২৫ | ৩৪৪৬ | ধানী | ০.৪৭০০ | ০.৩১০০ | আংশিক | |
| ৩২৯ | ৩৪৪৭ | ধানী | ০.১৪০০ | ০.১৪০০ | পূর্ণ | |
| ৩২৯ | ৩৪৪৮ | ধানী | ০.১৩০০ | ০.১৩০০ | পূর্ণ | |
| ৬১৩ | ৩৪৪৯ | ধানী | ০.১৬০০ | ০.১৩০০ | আংশিক | |
| ৩২৯ | ৩৪৫০ | ধানী | ০.০৯০০ | ০.০৯০০ | পূর্ণ | |
| ৩২৯ | ৩৪৫১ | ধানী | ০.০৯০০ | ০.০৬০০ | আংশিক | |
| ২৮৫ | ৩৪৭০ | ধানী | ০.৬২০০ | ০.৪৪০০ | আংশিক | |
| ৮৩, ৬১৩ | ৩৪৭১ | ধানী | ০.৫৯০০ | ০.৪৬০০ | আংশিক | |
| ৩২৫ | ৩৪৭২ | ধানী | ০.১১০০ | ০.১১০০ | পূর্ণ | |
| ৪৮৯ | ৩৪৭৩ | ধানী | ০.৩৭০০ | ০.৩৭০০ | পূর্ণ | |
| ৪৬৫ | ৩৪৭৪ | ধানী | ০.০২০০ | ০.০২০০ | পূর্ণ | |
| ৩০৭ | ৩৪৭৫ | ধানী | ০.০১০০ | ০.০১০০ | পূর্ণ | |
| ৪৬৫ | ৩৪৭৬ | ধানী | ০.২৫০০ | ০.২৫০০ | পূর্ণ | |
| ৩২৫ | ৩৪৭৭ | ধানী | ০.১২০০ | ০.১২০০ | পূর্ণ | |
| ৮৯০ | ৩৪৭৮ | ধানী | ০.১৯০০ | ০.১৯০০ | পূর্ণ | |

প্রস্তাবিত জমির পরিমাণ:-৩.০০ একর মাত্র

**মো. ইকবাল হোসেন**
জেলা প্রশাসক।

---

**জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা।**
**(ভূমি অধিগ্রহণ শাখা)**
**এল এ কেস নং-১২ ভোঃ/২০২৪-২৫**
**ফরম "ঘ"**
**[১৩(২) ধারা মোতাবেক]**

**ঘোষণাপত্র**

যেহেতু, এই সিদ্ধান্ত গৃহীত হইয়াছে যে, নিম্নে সংযুক্ত তফসিল বর্ণিত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করিতে হইবে এবং তদানুযায়ী স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১নম্বর আইন) এর ১৩(১) ধারা অনুযায়ী বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স), শাহবাজপুর ইস্ট # ০১ কূপ হতে গ্যাস উত্তোলনের নিমিত্ত বিদ্যমান প্রসেস প্ল্যান্ট পর্যন্ত গ্যাস গ্যাদারিং পাইপ লাইন স্থাপনের জন্য ১২ভোঃ/২০২৪-২০২৫ এলএ কেসের মাধ্যমে ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলাধীন টবগী ও মুলাইপত্তন মৌজায় ৫.৪২০০ একর জমির ক্ষতিপূরণ প্রদান করা হইয়াছে অথবা ক্ষতিপূরণ প্রদান করা হইবে বলিয়া গণ্য হইয়াছে এবং উক্ত জমির দখল প্রত্যাশী সংস্থাকে হস্তান্তর করা হইয়াছে।

এমতাবস্থায়, স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ১৩ ধারার (২) উপ-ধারা অনুযায়ী আমি ঘোষণা করিতেছি যে, উক্ত সম্পত্তিসমূহ বাধ্যতামূলকভাবে অধিগ্রহণ করা হইলো এবং উহা সর্ব প্রকার দায়-দায়িত্ব মুক্ত হইয়া সরকারের উপর অর্পিত হইলো।

**তফসিল**

জেলা: ভোলা, উপজেলা; বোরহানউদ্দিন, মৌজা: টবগী, জে. এল নং-৪৫।

| খতিয়ান নং (বিএস) | দাগ নং (বিএস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৩৪৫, ৯৪৪, ৯৭৭, ১২৮৮, ১৪২৫ | ৪১৯৫ | ১·১৯০০ | ০·০৩০০ |
| ১ | ৪১৯৬ | ৫·৮৬০০ | ০·০০৯০ |
| ৩৪৫, ৯৪৪, ৯৭৭, ১২৮৮, ১৪২৫ | ৪১৯৭ | ০·৪৯০০ | ০·০৫০০ |
| ৯৬৫, ১১০৪ | ৪২০২ | ০·২৫০০ | ০·০০৫০ |
| ৮৯২ | ৪২০৩ | ০·৬৪০০ | ০·০৫৫০ |
| ১১৭৬ | ৪২০৬ | ০·৭৫০০ | ০·০৩৭০ |
| ৯৪২, ১৩২৩, ১৬৫২ | ৪২০৭ | ০·৬২০০ | ০·০২৩০ |
| ৯৮ | ৪২০৮ | ০·২২০০ | ০·০০৯০ |
| ৩০৪ | ৪২০৯ | ০·৬৮০০ | ০·০৩২০ |
| ৭৩৮ | ৪২১০ | ০·৪৮০০ | ০·০৩২০ |
| ১৩৯১ | ৪২১২ | ০·৩২০০ | ০·০১৮০ |
| ১৪২৬ | ৪২১৩ | ০·২০০০ | ০·০১০০ |
| ৯৮ | ৪২১৪ | ০·৩২০০ | ০·০৩২০ |
| ১৩৯১, ১৬৬৮ | ৪২১৫ | ০·১৪০০ | ০·০৩২০ |
| ১৩৯১ | ৪২১৮ | ০·১৪০০ | ০·০৩৯০ |
| ১৬৪৪ | ৪২২২ | ০·২৪০০ | ০·০২৫০ |
| ৬২৭, ১১৩০, ১১৪৯, ১৬৪৪ | ৪২২৩ | ০·৬০০০ | ০·০৬৪০ |
| ৫৮৪ | ৪২২৫ | ০·৭৭০০ | ০·০৪১০ |
| ১৩৮৯ | ৪২২৬ | ০·১৪০০ | ০·০২০০ |
| ১৪২৮ | ৪২২৭ | ০·১৪০০ | ০·০১০০ |
| ১৮৫১ | ৪২৩৮ | ১·১৩০০ | ০·১৭৯০ |
| ৫০১, ১৮৫১ | ৪২৪৩ | ০·১৪০০ | ০·০২৩০ |
| ২৮ | ৪২৪৪ | ০·১৬০০ | ০·০১৮০ |
| ১০১/১ | ৪২৪৫ | ০·০৮০০ | ০·০১৩৫ |
| ১৩৮৯ | ৪২৪৬ | ০·১৫০০ | ০·০২৩০ |
| ৫০১ | ৪২৪৭ | ০·১৮০০ | ০·০২৭৫ |
| ১৭ | ৪৬২২ | ২·০৫০০ | ০·০০৯০ |
| ১১৩৬ | ৪৯২৯ | ১·২৬০০ | ০·০২০০ |
| ৬৮৪, ৮৮৫ | ৪৯৩০ | ২·৯০০০ | ০·০৫৫০ |
| ৯১৪ | ৪৯৩১ | ১·৪২০০ | ০.০২৭৫ |

| খতিয়ান নং (বিএস) | দাগ নং (বিএস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১১৩৮ | ৪৯৩২ | ১.৪২০০ | ০.০২৭৫ |
| ৯৯২ | ৪৯৩৩ | ১.৬২০০ | ০.০৩২০ |
| ১৮৩ | ৪৯৩৪ | ০.৪৫০০ | ০.০১৩৫ |
| ১০৫৮ | ৪৯৩৫ | ২.৬০০০ | ০.০৫১০ |
| ৪৪৮ | ৪৯৩৬ | ২.৬০০০ | ০.০৫৫০ |
| ৬১১ | ৪৯৩৭ | ১.১৮০০ | ০.০২৭৫ |
| ৪৪৯ | ৪৯৩৯ | ০.৪০০০ | ০.০৪৬০ |
| ৩৩৩, ৮৯২ | ৪৯৮৪ | ৫.৭৮০০ | ০.৩৬০০ |
| ৬৭০ | ৫২৪১ | ০.০৬০০ | ০.০০৫০ |
| ৬৭০ | ৫২৪২ | ০.৫২০০ | ০.১০০০ |
| ১৭ | ৫২৭২ | ০.৩০০০ | ০.০১০০ |
| ৫৭৪ | ৫২৭৩ | ০.৩৯০০ | ০.০০৫০ |
| ৪২৭, ৯৭১ | ৫২৭৪ | ০.৩৫০০ | ০.০৭৭৫ |
| ৫৭৪ | ৫২৭৫ | ০.৭০০০ | ০.০২৭৫ |
| ৯১৫ | ৫২৮১ | ০.২৫০০ | ০.০৪৮০ |
| ১৪০১ | ৫২৮২ | ০.৩১০০ | ০.০৫০০ |
| ১৩৯৮ | ৫২৮৩ | ০.৮০০০ | ০.১২৪০ |
| ৯৭, ৯৭১ | ৫২৮৭ | ০.২০০০ | ০.০০৫০ |
| ১৭৯৯ | ৫২৯০ | ০.৪৫০০ | ০.০৩৭০ |
| ৮৩৬ | ৫৩০৫ | ০.২৪০০ | ০.০০৫০ |
| ৫৮১ | ৫৩০৬ | ০.৭২০০ | ০.০৬০০ |
| ১১৯০ | ৫৪৬২ | ০.৯৮০০ | ০.১১৫০ |
| ৭০৭ | ৫৪৬৪ | ০.২৬০০ | ০.০৩৯০ |
| ৭০৭ | ৫৪৬৫ | ০.৪৪০০ | ০.০৭৬০ |
| ১ | ৫৪৭৫ | ১.৪৮০০ | ০.০২৩০ |
| ৪৪৪, ৫২৮, ৬০৯, ৬৪৮, ৭৭৬ | ৫৪৭৬ | ২.২৬০০ | ০.১৯৭৫ |
| ৫২৮, ৬০৯, ৬৪৮, ৭৭৬ | ৫৪৭৭ | ০.৪১০০ | ০.০৯২০ |
| | | মোট = | ২.৬৭৭৫ একর |

জেলা: ভোলা, উপজেলা; বোরহানউদ্দিন, মৌজা: মুলাইপত্তন, জে. এল নং-৫৬।

| খতিয়ান নং (বিএস) | দাগ নং (বিএস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১ | ৮২৪ | ০.৩৬০০ | ০.০০৯০ |
| ২৭, ১৪২, ২৮০৫ | ৮৫৮ | ০.২০০০ | ০.০৩০০ |
| ১২৯২ | ৮৫৯ | ০.৫৩০০ | ০.০২৭৫ |
| ১৪৯৫ | ৮৬৫ | ০.১০০০ | ০.০২৩০ |

| খতিয়ান নং (বিএস) | দাগ নং (বিএস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ৯৪৮ | ৮৬৭ | ০.০৫০০ | ০.০১১৫ |
| ৯৫৩ | ৮৬৮ | ০.০৫০০ | ০.০১১৫ |
| ১২৯২ | ৮৬৯ | ০.৪৯০০ | ০.০৩২৫ |
| ২০১৮ | ৮৭২ | ০.০৫০০ | ০.০১৩৫ |
| ৯৫৪ | ৮৭৩ | ১.৯৯০০ | ০.১১৫০ |
| ১২৯২ | ৮৭৪ | ০.৬০০০ | ০.০৩৭০ |
| ৯৫৩ | ৮৭৯ | ০.২৪০০ | ০.০৪১০ |
| ৯৪৮, ২৮০৫ | ৮৮০ | ০.১৪০০ | ০.০৪৬০ |
| ৯৪৮ | ৮৮৬ | ০.১৮০০ | ০.০১০০ |
| ১২৯২ | ৮৮৮ | ১.৪৪০০ | ০.০৫০০ |
| ১৫৫৮ | ৮৯০ | ০.২৮০০ | ০.০০৫০ |
| ১৩৯২ | ৮৯১ | ০.১২০০ | ০.০৩৭০ |
| ৭০৭ | ৮৯৩ | ০.২০০০ | ০.০২০০ |
| ১০৯, ৫৪৩, ১৪৯৫, ১৫৬১ | ৯০০ | ০.৩৭০০ | ০.০১৩০ |
| ২৪১ | ৯২৪ | ০.৪৮০০ | ০.০৩২০ |
| ২১৫৪ | ৯২৬ | ০.১৬০০ | ০.০৫৫০ |
| ১৮৪,৬৭১, ৯৯২, ১০০৮ ২০৬৮, ২২৩৪, ২৪৩৪, ২৮৭৬ | ১০৪৫ | ১.৮৮০০ | ০.১২০০ |
| ২৪৩৪ | ১০৪৮ | ০.৫১০০ | ০.০৫৫০ |
| ২৪৩৪ | ১০৫১ | ০.৭১০০ | ০.০০৫০ |
| ২২৭৭ | ১০৫২ | ০.২০০০ | ০.০৪১০ |
| ১৩৯২, ১৯২৫ | ১০৫৩ | ০.৯৭০০ | ০.০৪৬০ |
| ১ | ১১০৩ | ১.০৪০০ | ০.০০৯০ |
| ১ | ১১০৪ | ৩.৫০০০ | ০.০১৮০ |
| ৩১৪২, ১৩৯৩/১ | ৪১৬৫ | ০.০৬০০ | ০.০০৫০ |
| ১৩৯৩/১ | ৪১৬৬ | ০.০৯০০ | ০.০২৩০ |
| ১৩৯৩/১ | ৪১৬৭ | ০.১৩০০ | ০.০০৫০ |
| ১৫৫৯, ২১০৬ | ৪১৬৯ | ০.১৫০০ | ০.০৬০০ |
| ৩১৪২, ১৩৯৩/১ | ৪১৭০ | ০.৩০০০ | ০.০৩০০ |
| ৭৮৫ | ৪২০৪ | ০.১২০০ | ০.০১৪০ |
| ১০৪০ | ৪২০৫ | ০.১৪০০ | ০.০১৩০ |
| ১১৩৭ | ৪২০৬ | ০.৩৬০০ | ০.০২৭৫ |
| ৭৮৫ | ৪২০৭ | ০.০৮০০ | ০.০০৫০ |
| ১১৩৭ | ৪২১৩ | ১.৪৪০০ | ০.০৩৭০ |
| ১৫৫৮ | ৪২১৬ | ০.৫৫০০ | ০.০৩৭০ |

| খতিয়ান নং (বিএস) | দাগ নং (বিএস) | দাগে মোট জমির পরিমাণ (একরে) | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|---|
| ১২৪১ | ৪২১৮ | ০.৯০০০ | ০.০৩৭০ |
| ১১৩৭ | ৪২১৯ | ০.৮৮০০ | ০.০১৮০ |
| ১০৪০ | ৪২২১ | ০.১৬০০ | ০.০৪১০ |
| ১ | ৪৩৩৬ | ০.২৬০০ | ০.০০৯০ |
| ৬৯৬ | ৪৩৩৭ | ২.৩৬০০ | ০.১৯০০ |
| ৬৬৮ | ৪৩৩৮ | ০.৩৬০০ | ০.০০৫০ |
| ৮০০ | ৪৩৪০ | ২.৩০০০ | ০.১৪২৫ |
| ৮০০ | ৪৩৪১ | ০.৩১০০ | ০.০২৭৫ |
| ১১৪, ১৫৯, ২৩৭, ৭৩০, ৯৩৮, ৯৬৮, ৯৮৪, ১০০৬, ১০৫৪, ১৩৮৮, ১৪৩৬, ২৭৭৬, ২৯৮৫, ৩১৩৩ | ৪৪৯২ | ৪.৭০০০ | ০.৩১২৫ |
| ১৮, ২১৯, ৬৫৪, ১৩৮৪, ২৮০৯, ২৯৮৫ | ৪৫২২ | ১.৪০০০ | ০.০২৭৫ |
| ৬৬৮, ১৬৩৬, ১৬৪০, ২৭৬৪, ২৭৬৬ | ৪৫৪২ | ০.৩৪০০ | ০.০০৬০ |
| ৬৯৬ | ৪৫৪৭ | ০.৩৪০০ | ০.০৩৭০ |
| ৬৬৮ | ৪৫৪৯ | ০.০৬০০ | ০.০৩০০ |
| ৩৭৬ | ৪৫৫০ | ০.০৬০০ | ০.০১৮০ |
| ৬০৭ | ৪৫৬১ | ০.১২০০ | ০.০২৩০ |
| ১১৩৭ | ৪৫৬২ | ০.৬৪০০ | ০.০২৭৫ |
| ২৯০০ | ৪৫৬৩ | ০.৪০০০ | ০.০১৪০ |
| ৫৭, ২৩৩১ | ৪৫৬৪ | ০.৪০০০ | ০.০১৮০ |
| ৯১৫, ২৩৫৮ | ৪৫৬৫ | ০.৫০০০ | ০.০১৮০ |
| ৯৯৯, ২৩৪৩, ২৭০৪, ২৮০২, ২৮৮০ | ৪৫৬৬ | ০.৬০০০ | ০.০২৩০ |
| ৮১৬, ২৩৫৮, ২৮০৯, ২৯০৮ | ৪৫৬৭ | ১.০২০০ | ০.০৪৬০ |
| ৬৯৬ | ৪৫৭৩ | ০.৪৫০০ | ০.০১৩৫ |
| ৯৯৯ | ৪৫৭৪ | ০.০৮০০ | ০.০১৩৫ |
| ৬৬৮ | ৪৫৭৫ | ০.০৮০০ | ০.০১৮০ |
| ১ | ৪৬৯২ | ০.৪০০০ | ০.১৯০০ |
| ৭০৯, ৭১৫ | ৫৫৪১ | ০.৫৩০০ | ০.১৪৭০ |
| ১/১, ১০৭২, ৩২০৩ | ৫৬২৭ | ০.৯০০০ | ০.১১০০ |
| ১ | ৫৫৩২ | ০.৪৯০০ | ০.০১০০ |
| | | মোট = | ২.৭৪২৫ একর |
| (টবগী ও মুলাইপত্তন মৌজায় সর্বমোট) = ৫.৪২০০ একর | | | |

জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা এর ভূমি অধিগ্রহণ শাখায় ভূমি নকশা দেখা যাইতে পারে।

**ডা. শামীম রহমান**
জেলা প্রশাসক।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**

**কেশবপুর, যশোর।**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ৩০ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৪.৪১৩৮.০০০.১৫.০০১.২৬.১৩২**—কেশবপুর উপজেলার ৫নং মঙ্গলকোট ইউনিয়ন পরিষদ, কেশবপুর, যশোরের নির্বাচিত সাধারণ আসনের ২নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ আঃ বারী শেখ, পিতা-মোঃ ইসমাইল শেখ, গ্রাম-মঙ্গলকোট, ডাকঘর-মঙ্গলকোট, উপজেলা-কেশবপুর, জেলা-যশোর গত ১৯-০১-২০২৬ খ্রি. তারিখে স্ট্রোক জনিত কারণে নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। তার মৃত্যু জনিত কারনে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার উপ-ধারা(১)(ঙ) মোতাবেক উক্ত ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সাধারণ আসনের পদটি শূন্য হয়।

এমতাবস্থায়, স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি রেকসোনা খাতুন, উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর তার মৃত্যুর তারিখ হতে কেশবপুর উপজেলার ৫নং মঙ্গলকোট ইউনিয়ন পরিষদের ২নং ওয়ার্ডের সাধারণ আসনের পদটি শূন্য ঘোষণা করলাম।

**রেকসোনা খাতুন**

উপজেলা নির্বাহী অফিসার।

---

**দুর্নীতি দমন কমিশন**

**প্রধান কার্যালয়**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২৭ মাঘ ১৪৩২/১০ ফেব্রুয়ারি ২০২৬

নং **০৪.০১.০০০০.১০৪.৭৩.০০২.২৫.৮৮২৮**—দুর্নীতি দমন কমিশনের প্রধান সহকারী পদে কর্মরত নিম্নোক্ত কর্মচারীগণকে জাতীয় বেতনস্কেল, ২০১৫-এর ১০ম গ্রেডে অর্থাৎ ১৬,০০০-৩৮,৬৪০/-টাকার বেতনস্কেলে 'উপসহকারী পরিচালক' পদে পদোন্নতি প্রদান করা হলোঃ

| ক্রমিক | কর্মচারীর নাম ও বর্তমান কর্মস্থল | বর্তমান পদ | পদোন্নতি প্রাপ্ত পদ |
|---|---|---|---|
| ১. | জনাব মোঃ ফারুক হোসেন, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | প্রধান সহকারী | উপসহকারী পরিচালক |
| ২. | জনাব মোঃ নূর বক্স (বাবুল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা সংযুক্ত দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, দিনাজপুর | প্রধান সহকারী | উপসহকারী পরিচালক |
| ৩. | জনাব মোহাম্মদ শাহাদৎ হোসেন, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা | প্রধান সহকারী | উপসহকারী পরিচালক |

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোহাম্মদ নাজমুল হাসান**

পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ)।

**জেলা প্রশাসকের কার্যালয়, চাঁপাইনবাবগঞ্জ।**

**(ভূমি অধিগ্রহণ শাখা)**

**এলএ মামলা নম্বর-০২/২০২১-২২**

**ফরম 'ঙ'**

যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুমদখল আইন, ২০১৭ এর ০৮ (০৪) ধারা মোতাবেক সরকার কর্তৃক অধিগ্রহণের সিদ্ধান্তের তারিখ হতে ১২০ দিনের মধ্যে প্রত্যাশী সংস্থা কর্তৃক ক্ষতিপূরণ অর্থ প্রদান বা জমা করা হয়নি।

সেহেতু, এক্ষণে, ২০১৭ সালের স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন (২০১৭ সনের ২১ নং আইন) এর ১৪ ধারার (১) উপধারা অনুসারে আমি ঘোষণা করছি যে ২৭-০৩-২০২২ খ্রি. তারিখ হতে নিম্নবর্ণিত সম্পত্তি সম্পর্কে গৃহীত অধিগ্রহণ কার্যক্রম বাতিল করা হ'ল।

**তফসিল**

জেলা: চাঁপইনবাবগঞ্জ, উপজেলা: শিবগঞ্জ, মৌজা: সাতভাইয়া আরাজী, জে এল নং: ৯৭

| আরএস খতিয়ান নং | আরএস দাগ নং | রেকর্ডীয় শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ৪৫৮ | ৭৭৭ | ধানী | ০.২৩ | ০.১৩০০ |
| ৫০৪ | ৭৭৮ | ধানী | ০.৪০ | ০.২৪০০ |
| ১৫৬ | ৭৮১ | ধানী | ০.৫৯ | ০.৩৪৪০ |
| ৬৯ | ৭৮২ | ধানী | ০.৪০ | ০.২৪৩৮ |
| ১০/১ | ১০৬১ | ধানী | ০.০৯ | ০.০৩৫০ |
| | | | **মোট=** | **০.৯৯২৮ একর** |

জেলা: চাঁপইনবাবগঞ্জ, উপজেলা: শিবগঞ্জ, মৌজা: চৌকা, জে এল নং: ৯৮

| আরএস খতিয়ান নং | আরএস দাগ নং | রেকর্ডীয় শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণের জন্য প্রস্তাবিত জমির পরিমাণ (একর) |
|---|---|---|---|---|
| ১৯৬ | ৪৬ | ধানী | ০.৩৩ | ০.০০৩৭ |
| ৩২৫ | ৪৭ | ধানী | ০.১১ | ০.০০৩৫ |
| | | | **মোট=** | **০.০০৭২ একর** |

মোট জমি ০.৯৯২৮+০.০০৭২=১.০০০০ একর।

মোট খতিয়ানের সংখ্যা: ০৭ (সাত) টি, মোট দাগের সংখ্যা: ০৭ (সাত) টি

অধিগ্রহণে সম্পৃক্ত মোট জমির পরিমাণ: ১.০০০০ একর।

**মোঃ শাহাদাত হোসেন মাসুদ**
জেলা প্রশাসক।

---

**বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।**
**সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ/০৮ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৫.৪৬.০০০০.০০০.০০৪.১৯.০০২৪.২৪.১৬৮**—সিলেট বিভাগে কর্মরত বিসিএস (প্রশাসন) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে নির্দেশক্রমে বদলি/পদায়ন করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম ও পরিচিতি নম্বর | নিজ জেলা | বর্তমান কর্মস্থল | বদলি/পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|
| ০১ | জনাব উজ্জ্বল রায় (১৮৩০৩) | চট্টগ্রাম | উপজেলা নির্বাহী অফিসার, মধ্যনগর, সুনামগঞ্জ | উপজেলা নির্বাহী অফিসার, বাহুবল, হবিগঞ্জ |

২। সরকারি দাবি আইন, ১৯১৩ এর ৩(৩) ধারামতে বর্ণিত কর্মকর্তাকে নিজ অধিক্ষেত্রে সার্টিফিকেট অফিসার হিসেবে নিয়োগের জন্য সংশ্লিষ্ট কালেক্টরকে নির্দেশক্রমে অনুমতি প্রদান করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**উম্মে সালিক রুমাইয়া**
সিনিয়র সহকারী কমিশনার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।**

**বিজ্ঞপ্তিসমূহ**

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩২/০৩ মার্চ, ২০২৬

নং **০৫.৪২.১২৯০.০০০.০২.০১৩.২৬-২২১**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ক্ষমতাবলে আমি শাহীনা নাছরিন, উপজেলা নির্বাহী অফিসার, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া প্যানেল চেয়ারম্যান, ০৯ নং চাপড়তলা ইউনিয়ন পরিষদ, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া এর ০১-০৩-২০২৬ খ্রি. তারিখের চা/ইউপি/২০২৬-০৫ নং স্মারকের প্রতিবেদন প্রাপ্ত হইয়া এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করিতেছি যে, নাছিরনগর উপজেলাধীন ০৯ নং চাপড়তলা ইউনিয়ন পরিষদের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের নির্বাচিত সংরক্ষিত মহিলা সদস্য জনাব আলেমা বেগম গত ১৬-০২-২০২৬ খ্রি. তারিখে মৃত্যুবরণ করিয়াছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার বিধান বলে ১৬-০২-২০২৬ খ্রি. তারিখ হইতে আমি নিম্নস্বাক্ষরকারী নাছিরনগর উপজেলার ০৯ নং চাপড়তলা ইউনিয়ন পরিষদের ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত মহিলা সদস্য পদটি শূন্য ঘোষণা করিলাম।

নং **০৫.৪২.১২৯০.০০০.০২.০১৩.২৬-২২৪**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ক্ষমতাবলে আমি শাহীনা নাছরিন, উপজেলা নির্বাহী অফিসার, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া প্যানেল চেয়ারম্যান, ০৯ নং চাপড়তলা ইউনিয়ন পরিষদ, নাছিরনগর, ব্রাহ্মণবাড়িয়া এর ০১-০৩-২০২৬ খ্রি. তারিখের চা/ইউপি/২০২৬-০৬ নং স্মারকের প্রতিবেদন প্রাপ্ত হইয়া এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করিতেছি যে, নাছিরনগর উপজেলাধীন ০৯ নং চাপড়তলা ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের নির্বাচিত সদস্য জনাব মোঃ আব্দুল খালেক গত ২৮-০২-২০২৬ খ্রি. তারিখে মৃত্যুবরণ করিয়াছেন (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার বিধান বলে ২৮-০২-২০২৬ খ্রি. তারিখ হইতে আমি নিম্নস্বাক্ষরকারী নাছিরনগর উপজেলার ০৯ নং চাপড়তলা ইউনিয়ন পরিষদের ০৭ নং ওয়ার্ডের সদস্য পদটি শূন্য ঘোষণা করিলাম।

**শাহীনা নাছরিন**
উপজেলা নির্বাহী অফিসার।

---

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**নেত্রকোণা সদর, নেত্রকোণা।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ১৯ ফাল্গুন ১৪৩২/০৪ মার্চ ২০২৬

নং **০৫.৪৫.৭২৭৪.০০০.১৮.০০৪.১৯-২৪১**—স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ (২) ধারা মোতাবেক আমার উপর অর্পিত ক্ষমতাবলে আমি আসমা বিনতে রফিক, উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা, এতদ্দ্বারা সর্বসাধারণের অবগতির জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করছি যে, নেত্রকোণা সদর উপজেলাধীন ০১ নং মৌগাতী ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের সম্মানিত ইউপি সদস্য জনাব মোঃ শামছুদ্দিন আহমেদ, পিতা-মৃত ইব্রাহিম, মাতা-মৃত লিয়াজের মা, গ্রাম-জামাটি, ডাকঘর-চুচুয়া বাজার, উপজেলা-নেত্রকোণা সদর, জেলা-নেত্রকোণা গত ১৮ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ বেলা ১১.৩০ টায় ইন্তেকাল করেছেন, (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫ ধারার ১(ঙ) মোতাবেক পদটি শূন্য হওয়ায় ৩৫(২) ধারার বিধানমতে ০১ নং মৌগাতী ইউনিয়ন পরিষদের ০৩ নং ওয়ার্ডের ইউপি সদস্য জনাব মোঃ শামছুদ্দিন আহমেদ এর মৃত্যুজনিত কারণে মৃত্যুর তারিখ ১৮ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি. হতে উক্ত পদটি শূন্য ঘোষণা করলাম।

**আসমা বিনতে রফিক**
উপজেলা নির্বাহী অফিসার।

**উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়**
**ডোমার, নীলফামারী।**

**বিজ্ঞপ্তি**

তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৬

নং **০৫.৪৭.৭৩১৫.০০০.০৫.০০৩.২৬-১৩৭**—এ মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার অন্তর্গত ডোমার উপজেলার ১০ নং হরিণচড়া ইউনিয়ন পরিষদের ২৯-১২-২০২৬ তারিখের হরিণ/ইউপি/ডোমার/নীল/২৫/৪৩১ নং স্মারক পত্র মোতাবেক জানতে পারি ০৬ নং ওয়ার্ডের ইউপি সদস্য (সাধারণ) জনাব মোঃ শফিকুল ইসলাম গত ২৩-১২-২০২৫ তারিখে মৃত্যুবরণ করেন।

০২। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ৩৫(২) উপ-ধারার (১) অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে আমি শায়লা সাঈদ তন্বী, উপজেলা নির্বাহী অফিসার, ডোমার নীলফামারী ১০ নং হরিণচড়া ইউনিয়ন পরিষদের ০৬ নং ওয়ার্ডের ইউপি সদস্যের পদটি ২৩-১২-২০২৫ তারিখ হতে শূন্য ঘোষণা করলাম।

**শায়লা সাঈদ তন্বী**
উপজেলা নির্বাহী অফিসার।